

এআইইউবির সমাবর্তনে  
শিক্ষামন্ত্রীর ছশিয়ারি  
নতুন সময়সীমার  
মধ্যে স্থায়ী ক্যাম্পাসে  
না গেলে ছাত্রভর্তি বন্ধ

যুগান্তর রিপোর্ট

নতুন সময়সীমা এক বছরের মধ্যে নিজস্ব ক্যাম্পাসে সব বেসরকারি বিশ্ববিদ্যালয়কে স্থানান্তর হতে হবে বলে ছশিয়ারি দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, এতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধসহ আইনি ব্যবস্থা নেয়া হবে। শিক্ষামন্ত্রী বৃহস্পতিবার ঢাকায় আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বাংলাদেশের (এআইইউবি) ১৬তম সমাবর্তনে তিনি এ ছশিয়ারি দেন। চ্যাঙ্গেলর রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে তিনি এ সমাবর্তনে যোগ দেন। এআইইউবির উত্তরার নিজস্ব ক্যাম্পাসে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, সমাবর্তন বক্তা বাংলাদেশে ডেনমার্কের রাষ্ট্রদূত হেনি ফাল এসকেজারার ও এআইইউবির ভিসি ড. কারমেন জেড লামাগনা। শিক্ষামন্ত্রী বলেন, উচ্চশিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে অ্যাক্রিডিটেশন কাউন্সিল আইন তৈরির কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।